

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৯৮.০০১.১৭.৭৭

তারিখ: ১৮ আষাঢ়.১৪২৫

০২ জুলাই ২০১৮

বিষয়: এশিয়ান ইউনিভার্সিটি অব ইউমেন এর Preliminary Development Project Proposal (PDPP) সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে এশিয়ান ইউনিভার্সিটি অব ইউমেন এর Preliminary Development Project Proposal (PDPP) সংক্রান্ত অর্থনৈতিক সম্পর্ক বিভাগ নিম্নোক্ত মতামত প্রদান করেছে:

"এশিয়ান ইউনিভার্সিটি অব ইউমেন (AUW) কর্তৃপক্ষ ইতোপূর্বেও ক্যাম্পাস বিল্ডিং নির্মাণের জন্য ঋণ প্রদানে কুয়েত ফান্ডের আগ্রহের বিষয়টি উল্লেখ করত ঋণ সহায়তা প্রাপ্তিতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সহযোগিতা কামনা করেন। এ প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের অনাপত্তি গ্রহণ করত AUW ক্যাম্পাস বিল্ডিং নির্মাণে অর্থায়নের প্রস্তাব কুয়েত ফান্ডে প্রেরণ করা হয়। জবাবে কুয়েত ফান্ড জানান যে, ফান্ডের অর্থায়ন নীতিমালা অনুযায়ী শুধুমাত্র সরকারি খাত ও সরকারের সংখ্যাগুরু অংশীদারিত্ব রয়েছে এসকল ক্ষেত্রে অর্থায়ন করা হয়। AUW এর চার্টার অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানটি উপরিলিখিত শর্ত পূরণ করে না বিধায় এর অবাকাঠামো নির্মাণের ক্ষেত্রে অর্থায়নের সুযোগ নেই।"

২. এমতাবস্থায়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের উপরোক্ত মতামত নির্দেশক্রমে অবহিত করা হলো।

২-৭-২০১৮

জিন্নাত রেহানা

উপ-সচিব

উপাচার্য

এশিয়ান ইউনিভার্সিটি ফর ইউমেন, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৯৮.০০১.১৭.৭৭/১(৩)

তারিখ: ১৮ আষাঢ়.১৪২৫

০২ জুলাই ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) কাজী শাহজাহান, সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা।

২-৭-২০১৮

জিন্নাত রেহানা

উপ-সচিব